আজকাল

06/04/2012

**আজকালের প্রতিবেদন**: ডানলপ কারখানার সমস্যা মেটাতে ত্রিপাক্ষিক বৈঠক ডাকছে রাজ্য সরকার। আগামী সপ্তাহে বৈঠক ডাকা হতে পারে বলে জানিয়েছেন শ্রমমন্ত্রী পূর্ণেন্দু বসু। কারখানা খোলার জন্য সব পক্ষই উদ্যোগ নিচ্ছে। পূর্ণেন্দুবাবু জানান, শ্রমিকদের বকেয়া টাকা মেটাতে এবং দ্রুত কারখানার উৎপাদন শুরু করার জন্য ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হচ্ছে। ডানলপের কর্ণধার পবন রুইয়া শ্রমিকদের বকেয়া টাকা মেটানোর জন্য ৭৭ কোটি টাকা রাজ্য সরকারকে দিতে রাজি হয়েছেন। এর জন্য পবন রুইয়া চন্দননগরে যুগ্ম লেবার কমিশনের কাছে একটি চিঠিও দিয়েছেন। বৃহস্পতিবার মহাকরণে শ্রমমন্ত্রী পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদের ওয়েবসাইট উদ্বোধন করেন। ওই ওয়েবসাইটের মাধ্যমে শ্রমিকরা হলিডে হোম থেকে শুরু করে বিভিন্ন তথ্য জানতে পারবেন। ওয়েবসাইটটি হল www.wblwb.org।